গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা
www.khdc.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত জেলা সমাজসেবা কার্যালয়ের আওতাধীন নিম্নবর্ণিত বিদ্যমান শূন্য পদসমূহে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিক ও খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে:

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | আবেদনকারীর যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | হাউজ প্যারেন্ট-কাম-টিচার | ০১ (এক) টি | ১২৫০০-৩২২৪০ গ্রেড-১১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রীসহ ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, ব্রেইল পদ্ধতিতে কম্পিউটার চালনায় বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| (২) | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ০১ (এক) টি | ১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৮০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৫০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৩০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২৫ শব্দ।<br>(ঘ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৩) | কারিগরি প্রশিক্ষক (শিশু পরিবার, খাগড়াছড়ি/দুঃস্থ শিশুদের বৃত্তিমূলক প্রতিষ্ঠান) | ০১ (এক) টি | ১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ওয়েল্ডিং, কার্পেন্ট্রি, নার্সারী, স্ক্রীন প্রিন্টিং, মেশিনারী, মোবাইল মেরামত, ডিভিডি প্লেয়ার মেরামত, কম্পিউটার মেরামত, ইলিকট্রিক্যাল, রেডিও-টেলিভিশন মেরামত, রিফ্রিজারেটর মেরামত, জেনারেল ফিটার, রেয়ারিং পোলট্রী এন্ড লাইভ স্টক, টেইলারিং অথবা কেইন এন্ড জুট ওয়ার্ক বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সনদ। |
| (৪) | হিসাব সহকারী | ০১ (এক) টি | ৯৩০০-২২৪৯০ গ্রেড -১৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিষয়ে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) চতুর্থ শ্রেণির চাকুরীতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৫) | অফিস সহকারী- কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৩ (তেরো) টি | ৯৩০০-২২৪৯০ গ্রেড -১৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজি ২০ শব্দ এবং বাংলা ২০ শব্দ।<br>(ঘ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৬) | সমাজকর্মী (ইউনিয়ন/পৌর/ মহল্লা লেভেল ওয়ার্কার) | ০২ (দুই) টি | ৯৩০০-২২৪৯০ গ্রেড-১৬ | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| (৭) | বড় ভাইয়া/ খালাম্মা (বড় আপা) | ০২ (দুই) টি | ৯৩০০-২২৪৯০ গ্রেড-১৬ | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ: তবে শর্ত থাকে যে, খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগীতার সনদধারী এবং খালাম্মা পদে বিধবা প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। |
| (৮) | কম্পাউন্ডার | ০১ (এক) টি | ৯৩০০-২২৪৯০ গ্রেড-১৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পাউন্ডারশীপ বা মেডিকেল এ্যাসিসটেন্ট বিষয়ে সার্টিফিকেট। |
| (৯) | কারিগরি প্রশিক্ষক (মহিলা/পুরুষ) (উপজেলা পর্যায়) | ১১ (এগারো) টি | ৮২৫০-২০০১০ গ্রেড-২০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৬ (ছয়) মাস মেয়াদী ট্রেড কোর্স সনদ: তবে শর্ত থাকে যে, কম্পিউটার চালনায় পারদর্শী প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। ট্রেডসমূহ: (ক) কম্পিউটার; (খ) মোবাইল ও ডিভিডি; (গ) সেলাই ও উল বুনন; (ঘ) বাঁশ ও বেত; (ঙ) বৈদ্যুতিক হাউজ ওয়ারিং; (চ) ওয়েল্ডিং; (ছ) নার্সারী; (জ) মৎস্য, পোলট্রি; (ঝ) মৌমাছি চাষ; (ঞ) বাটিক-বুটিক; এবং (ট) আঁচার তৈরী। |
| (১০) | অফিস সহায়ক | ০৯ (নয়) টি | ৮২৫০-২০০১০ গ্রেড-২০ | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলী:**

০১। আবেদনকারীকে চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর বরাবর আবেদনপত্রের নমুনা ছক মোতাবেক পূর্ণ নাম ও স্বাক্ষরসহ পূরণকৃত ছকে আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্তপূর্বক আগামী ০৮ ডিসেম্বর ২০২৫, সোমবার, অফিস চলাকালীন বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে জেলা সমাজসেবা কার্যালয়ের সংশ্লিষ্ট শাখায় ডাকযোগে/সরাসরি পৌঁছাইতে হইবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে সরাসরি বা ডাকযোগে প্রাপ্ত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

০২। আবেদনপত্রের নমুনা ছক A4 সাইজের অফসেট কাগজে টাইপ করে তথ্যাবলী পূরণপূর্বক দাখিল করিতে হইবে। আবেদনপত্রের ছক ও প্রবেশপত্রের নমুনা ছক পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা এবং জেলা সমাজসেবা কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা'এর নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে। উহা ছাড়া খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ওয়েব সাইটে (www.khdc.gov.bd) এবং জেলা সমাজসেবা কার্যালয়, খাগড়াছড়ির ওয়েবসাইটে (www.dss.khagrachhari.gov.bd) পাওয়া যাইবে।

০৩। প্রার্থীর বয়স ০৭ নভেম্বর ২০২৫ তারিখে ১৮ হইতে ৩২ বৎসর হইতে হইবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না। এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স প্রমাণিত হইবে।

(ক) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য;

(খ) কারিগরি প্রশিক্ষক (শিশু পরিবার, খাগড়াছড়ি/দুঃস্থ শিশুদের বৃত্তিমূলক প্রতিষ্ঠান), হিসাব সহকারী এবং সমাজকর্মী (ইউনিয়ন/পৌর/মহল্লা লেভেল ওয়ার্কার) পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ (পঁয়ত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য;

০৪। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিক ও খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হইতে হইবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করিয়া সংযুক্ত করিতে হইবে:

(ক) খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে জেলা প্রশাসক অথবা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদের ফটোকপি (সত্যায়িত);

(খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (এনআইডি কার্ড/স্মার্ট এনআইডি কার্ড) (সত্যায়িত);

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা
www.khdc.gov.bd

(গ) শিক্ষাগত যোগ্যতা, দক্ষতা, অভিজ্ঞতার ক্ষেত্রে সংশ্লিষ্ট বোর্ড/বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত মূল/সাময়িক সনদের ফটোকপি (সত্যায়িত);

(ঘ) বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদের ক্ষেত্রে বর্তমান প্রচলিত বিধি-বিধান অনুসরণে যথাযথ কর্তৃপক্ষের সনদের ফটোকপি (সত্যায়িত);

(ঙ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হইতে প্রদত্ত সনদের ফটোকপি (সত্যায়িত);

(চ) আবেদনপত্রের সাথে ১ (এক) কপি এবং প্রবেশপত্রের সাথে ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আঠা/গাম দিয়ে লাগাইতে হইবে;

(ছ) সরকারি পরিপত্র অনুসারে আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ ক্রম (১) পদের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা, ক্রম (২) হইতে ক্রম (৮) পদের জন্য ১০০/- (একশত) টাকা, এবং ক্রম (৯) ও ক্রম (১০) পদের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর নামীয় সোনালী ব্যাংক, খাগড়াছড়ি শাখার চলতি হিসাব নং-৫৪১২২০০০২৫২২৬-এ জমা দিয়া জমা স্লীপের মূলকপি সংযুক্ত করিতে হইবে;

০৫। সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত/বিভাগীয় প্রার্থীদেরকে সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক (নির্ধারিত বয়সসীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করিতে হইবে। সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ (এনওসি) এর মূল কপি দাখিল করিতে হইবে।

০৬। অসম্পূর্ণ, স্বাক্ষরবিহীন ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

০৭। আবেদনপত্রে কোনো অসত্য তথ্য পরিবেশন করিলে এবং দাখিলকৃত কাগজপত্রাদি ভুয়া বলিয়া প্রতীয়মান হইলে নিয়োগের যে কোনো পর্যায়ে আবেদনপত্র/নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

০৮। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হইবে।

০৯। লিখিত, ব্যবহারিক (ক্ষেত্রমত) ও মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ওয়েব সাইটে (www.khdc.gov.bd) ও জেলা সমাজসেবা কার্যালয়, খাগড়াছড়ির ওয়েবসাইটে (www.dss.khagrachhari.gov.bd) এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জেলা সমাজসেবা কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা'এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হইবে।

১০। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সনদপত্রের মূলকপি অবশ্যই উপস্থাপন করিতে হইবে।

১১। লিখিত, ব্যবহারিক (ক্ষেত্রমত) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ বা প্রার্থিত পদে নিয়োগ প্রদানের জন্য বাধ্য নহেন।

১৩। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগ কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। ইহা ছাড়া কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল /প্রত্যাহার/নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রদর্শিত শূন্য পদের সংখ্যা/শর্তাবলী হ্রাস/বৃদ্ধি করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪। আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপরিভাগে আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে লিখিতে হইবে এবং খামের বাম পার্শ্বে আবেদনকারীর পুরো নাম ও ঠিকানা লিখিতে হইবে।

১৫। লিখিত, ব্যবহারিক (ক্ষেত্রমত) ও মৌখিক পরীক্ষায় অবশ্যই প্রবেশপত্র (মূলকপি) সাথে আনিতে হইবে।

১৬। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হইবে।

১৭। একজন আবেদনকারী একাধিক পদে আবেদন করিতে পারিবেন না।

১৮। নিয়োগের ক্ষেত্রে কোনো ধরনের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলিয়া গণ্য হইবে।

(শেফালিকা ত্রিপুরা)
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।